# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

সংস্থাপন শাখা

www.rajshahi.gov.bd

নম্বর : ০৫.৪৩.৮১০০.০১২.০১.০০৮.২১-৮৪৩

তারিখ : ১৬ কার্তিক ১৪২৮ ব. / ০১ নভেম্বর ২০২১ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৩/০৮/২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৩.১৬-৪৭ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৩ (তিন) টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে; এবং<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ২। | সার্টিফিকেট সহকারী | ০৩ (তিন) টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>(গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |

**শর্তাবলী:**

১. নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র রাজশাহী জেলার ওয়েবপোর্টাল www.rajshahi.gov.bd এ এবং জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর সংস্থাপন শাখায় পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. জেলা প্রশাসক, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

৫. খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৭. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫x৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

খ) প্রার্থীকে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

গ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫/-(পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫" x ৪.৫" সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।

ঘ) প্রবেশপত্র স্বহস্তে পূরণ (প্রযোজ্য অংশ) করে দাখিল করতে হবে। প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে ৫x৫ সে.মি. আকারের ০১ (এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ; | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

৮. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি: তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/প্রকাশিত নিম্নবর্ণিত যে কোনো একটি প্রমাণক দাখিল করতে হবে। উক্ত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

**(ক) ভারতীয় তালিকা:**

(১) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা; (২) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা); (৩) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা); (৪) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); (৫) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী);

অথবা

**(খ) লাল মুক্তিবার্তা:**

(১) লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই); (২) লাল মুক্তিবার্তা স্মরণীয় যারা বরণীয় যারা;

অথবা

**(গ) গেজেট:**

(১) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সিদ্ধান্ত মোতাবেক বেসামরিক গেজেট; (২) প্রবাসে বিশ্ব জনমত গেজেট; (৩) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট; (৪) বিসিএস গেজেট; (৫) স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট; (৬) বীরাঙ্গনা গেজেট; (৭) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট; (৮) ন্যাপ কমিউনিস্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট; (৯) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট; (১০) মুজিবনগর গেজেট;

অথবা

**(ঘ) বাহিনী গেজেট:**

(১) সেনাবাহিনী গেজেট; (২) নৌবাহিনী গেজেট; (৩) বিমানবাহিনী গেজেট; (৪) বিজিবি গেজেট; (৫) পুলিশ বাহিনী গেজেট; (৬) আনসার বাহিনী গেজেট; (৭) নৌ-কমান্ডো গেজেট;

অথবা

**(ঙ) শহীদ গেজেট:**

(১) শহীদ বেসামরিক গেজেট; (২) সশস্ত্র বাহিনী শহীদ গেজেট; (৩) শহীদ বিজিবি গেজেট; (৪) শহীদ পুলিশ গেজেট;

অথবা

**(চ) খেতাবপ্রাপ্তঃ**

(১) খেতাবপ্রাপ্ত গেজেট;

অথবা

**(ছ) যুদ্ধাহত:**

(১) যুদ্ধাহত গেজেট; (২) যুদ্ধাহত পঙ্গু (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৩) যুদ্ধাহত (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৪) যুদ্ধাহত সেনা গেজেট এর যে কোন একটি প্রমাণকে মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

৯. লিখিত ও ব্যবহারিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:
   (ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল সনদপত্র/মূল সাময়িক সনদপত্র।
   (খ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
   (গ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
   (ঘ) কম্পিউটার ও শর্টহ্যান্ড (প্রযোজ্য ক্ষেত্রে) প্রশিক্ষণের সনদপত্র।
   (ঙ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার প্রমাণক।
   (চ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।
   (ছ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

১০. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

১১. লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

১২. আবেদনপত্র আগামী ৩০/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীতে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র এ কার্যালয়ে গ্রহণ করা হবে না। অসত্য, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৩. প্রার্থীর বয়সসীমা ৩০/১১/২০২১ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক আবেদনপত্রের সাথে দাখিল করতে না পারলে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৬. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৮. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**আব্দুল জলিল**
জেলা প্রশাসক
রাজশাহী

ডিজি-২১৮৯/২১ (২০"×৪)